



তারিখ : ২৯.০৬.২০২০

সম্মানিত অভিভাবক, আসসালামু আলাইকুম।

বর্তমান বৈশ্বিক পরিস্থিতিতে সার্বিক কল্যাণের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্দেশে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম গত ১৭ মার্চ ২০২০ থেকে বন্ধ আছে যা ৬ আগস্ট ২০২০ পর্যন্ত বর্ধিত করা হয়েছে এবং অনুমান করা যাচ্ছে যে, অবস্থা অপরিবর্তিত থাকলে সাধারণ ছুটি আরো দীর্ঘায়িত হবে। আমরা অপেক্ষা করছি যে, পরিস্থিতির উন্নতি হবে এবং শিক্ষার্থীরা দ্রুত স্কুলমুখী হবে। কিন্তু বাস্তবতা হল, পরিস্থিতির উন্নতি না হলে এ সাধারণ ছুটি আরও বাড়তে পারে। এ অবস্থায় এ বছর যদি স্কুল চালুও হয় তবে স্বাস্থ্যবিধি মেনে ফুল টাইমিং পদ্ধতিতে শিক্ষার্থীদের একত্রে পড়ালেখা, নামায, খেলাধুলা তথা দীর্ঘ সময় আফটারনুন সেশন পরিচালনা করা আমাদের পক্ষে অসম্ভব হয়ে পড়বে।

আপনারা জানেন যে, স্কুলের একমাত্র আয়ের উৎস হচ্ছে আপনাদের কাছ থেকে প্রাপ্ত টিউশন ফিস। বর্তমান করোনা পরিস্থিতিতে স্কুলের বেশ কিছু অভিভাবক নিয়মিত তাদের সন্তানের বেতন পরিশোধ করে এসেছেন। অভিভাবকদের এই আন্তরিক প্রচেষ্টায় এবং স্কুলের সর্বোচ্চ সামর্থ্য প্রয়োগের মাধ্যমে শিক্ষক ও স্টাফদের চলতি বছরের মার্চ ও এপ্রিলের সম্পূর্ণ বেতন এবং মে ও জুন মাসের ৬০% বেতন প্রদান করা সম্ভবপর হয়েছে, তবে ভবন ভাড়া বকেয়া রয়ে গেছে। স্কুলের পক্ষ থেকে সেই সকল আন্তরিক ও সচেতন অভিভাবকদের প্রতি রইল গভীর কৃতজ্ঞতা। কিন্তু যেহেতু প্রাপ্য টিউশন ফিসের একটি উল্লেখযোগ্য অংশই বকেয়া থাকছে এবং তা আদায়ে সর্বোচ্চ প্রচেষ্টা চালানোর পরও তা অনাদায়ী থাকছে, সেহেতু আফটারনুন সেশনের মতো এত বড় প্রস্তুতি বহাল রাখা স্কুলের পক্ষে কষ্টসাধ্য হয়ে পড়েছে।

অপরপক্ষে, সরাসরি স্কুল কার্যক্রম পরিচালনা না করে অনলাইন এবং মোবাইলে যোগাযোগ করে আন্তরিক প্রচেষ্টা চালিয়েও শিক্ষার্থীদের ফুলটাইমিং শিক্ষাদান প্রক্রিয়ায় যথোপযুক্ত সেবা প্রদান একটি বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। পাশাপাশি পূর্ণ টিউশন ফিস প্রদান করা আপনাদের অনেকের জন্য কষ্টসাধ্য হয়ে পড়েছে। এখন স্কুলের অস্তিত্ব টিকিয়ে রাখার চেষ্টাকেই সর্বোচ্চ স্থান দিতে হচ্ছে। এমতাবস্থায়, আমরা এ বছর আফটারনুন শিক্ষাকার্যক্রম বন্ধ রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছি। যার ফলে সঙ্গত কারণেই স্কুলের আফটারনুন শিক্ষক ও স্টাফদের পুরো অংশকে আগস্ট ২০২০ থেকে অব্যাহতি দিতে হচ্ছে এবং ছেলেদের দুটি ভবন ছেড়ে দিতে হচ্ছে। বিষয়টি স্বাভাবিকভাবেই স্কুলের কাছে অকল্পনীয় ও অত্যন্ত বেদনাদায়ক।


বর্তমান পরিস্থিতিতে সার্বিক বিষয় বিবেচনা করে স্কুলের এই সিদ্ধান্তের সাথে আপনাদের একাত্মতা কামনা করছি। শিক্ষার্থীদের প্রদেয় ফিসের পরিমাণ পুনঃমূল্যায়ন করে নির্ধারিত নতুন ফিসের একটি তালিকা অত্র চিঠির সাথে সংযুক্ত করা হলো যা আগস্ট ২০২০ থেকে কার্যকর হবে। এক্ষেত্রে স্কুলে ফিস আদায়ের সময় বেতন বই সমন্বয় করে পুনঃনির্ধারিত ফিস গ্রহণ করা হবে।

পরিশেষে, বর্তমান পরিস্থিতিতে সকলের সার্বিক কল্যাণের কথা বিবেচনা করে স্কুলকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য আপনাদের নিকট বিনীত আহ্বান জানানো যাচ্ছে।

পরম করুণাময় সকলকে সুস্থ, সুন্দর এবং কল্যাণময় জীবন দান করুন।

ধন্যবাদান্তে,

অধ্যক্ষ, কসমো স্কুল



ইভিনিং সেবা বন্ধ থাকার প্রেক্ষিতে শিক্ষার্থীদের পুনঃনির্ধারিত মাসিক বেতন

১লা আগস্ট ২০২০ থেকে কার্যকর

মিরপুর শাখা			
ক্রমিক নং	শ্রেণি	বিবরণ	পুনঃনির্ধারিত মাসিক বেতন (১লা আগস্ট ২০২০ থেকে কার্যকর হবে)
১	প্রোপ-১ থেকে ক্লাস-১	মাসিক বেতন	৩৫০০
২	২য় থেকে ৪র্থ	মাসিক বেতন	৪০০০
৩	৫ম থেকে ৭ম	মাসিক বেতন	৪৫০০
৪	৮ম থেকে ১০ম	মাসিক বেতন	৫৫০০

শিক্ষার্থীদের মাসিক বেতনের উপর ছাড় সংক্রান্ত তথ্যাদি

** একই পরিবারের ৩ জন শিক্ষার্থী অত্র বিদ্যালয়ে অধ্যয়নরত হলে, ৩য় সন্তানের ক্ষেত্রে মাসিক বেতনের উপর ৫০% ছাড় প্রদান এবং অবশিষ্ট ৫০% প্রদান করতে হবে।

** একই পরিবারের ২ জন শিক্ষার্থী অত্র বিদ্যালয়ে অধ্যয়নরত হলে, উভয়ের ক্ষেত্রে মাসিক বেতন সম্পূর্ণ প্রদান করতে হবে।

** স্কুলে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীকে মাসিক বেতনের ৫০% ছাড় প্রদান।

** সরকারি বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীকে মাসিক বেতনের ১০০% ছাড় প্রদান।

বিঃদ্রঃ উল্লেখ্য, বিদ্যালয় কর্তৃপক্ষ নির্ধারিত ছাড় প্রদানের হার যে কোন সময় পরিবর্তন করতে পারবেন।